[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

‘[redacted]’ [redacted]

[redacted]

[redacted]

জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক সরোজ কুমার নাথ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য খালেদা খানম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফ-উজ-জামান, সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আরতী দত্ত, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নিলুফার রহমান, প্রোগ্রাম অফিসার খোন্দকার শরীফা আক্তার, জেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক অ্যাড. সালমা ইয়াছমিন, এইডের জেন্ডার ভিত্তিক সহিংসতা প্রকল্পের প্রকল্প সমন্বয়কারী খন্দকার আশরাফুন্নাহার আশা।

এসময় বক্তারা, নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ ও নারীর ক্ষমতায়নে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

মেপ্র/আরপি

ঝিনাইদহে উগ্রবাদ প্রতিরোধে করণীয় শীর্ষক সেমিনার উদ্বোধন

ঝিনাইদহে উগ্রবাদ প্রতিরোধে করণীয় শীর্ষক সেমিনার শুরু হয়েছে। রোববার সকালে জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে এ সেমিনারের উদ্বোধন করেন অতিরিক্ত পুলিশ সুপার মিলু মিয়া বিশ্বাস।

এসময় ঝিনাইদহের জেল সুপার গোলাম হোসেন, ঢাকা মেট্রোপলিটন পুলিশের কাউন্টার টেরোরিজম এন্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিটের উপ-পুলিশ কমিশনার আসাদুজ্জামান, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার তৌহিদুল ইসলামসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

পুলিশের কাউন্টার টেরোরিজম এন্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিটের আয়োজনে সেমিনারের প্রথম দিনে জেলা পুলিশের বিভিন্ন ইউনিটে পুলিশ অফিসার, পুলিশ সদস্য ও কারারক্ষীসহ ২৫০ জন অংশ নেয়।

এসময় উগ্রবাদ দমনে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর করনীয় বিষয়ে দিক নির্দেশনা প্রদাণ করা হয়।

আগামী সোম ও মঙ্গলবার জেলার ইমাম, শিক্ষক, জনপ্রতিনিধের অংশগ্রহণে সেমিনার অনুষ্ঠিত হবে।

মেপ্র/আরপি

ঝিনাইদহে ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত

বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষণের স্মৃতি বিজড়িত ৭ মার্চ উপলক্ষে ঝিনাইদহে জেলা সরকারি আইন কর্মকর্তাদের উদ্যোগে রবিবার সকালে পতাকা উত্তোলনের মধ্য দিয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উক্ত আলোচনার সভার উদ্বোধন করেন ঝিনাইদহ জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাড. খান আখতারুজ্জামান।

ঝিনাইদহ জেলা সরকারি কৌশলী (জিপি) অ্যাড. বিকাশ কুমার ঘোষের সভাপতিত্বে প্রধান অথিতি হিসাবে উপস্থিত ছিলেন জেলা আইনজীবী সমিতির সাবেক সভাপতি অ্যাড. আজিজুর রহমান।

প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ পাবলিক প্রসিকিউটর (পিপি) ইসমাইল হোসেন, ঝিনাইদহ নারী ও শিশু বিশেষ পিপি অ্যাড. বজলুর রহমান।
এছাড়াও আলোচনা রাখেন অ্যাড. সাদাতুর রহমান হাদী, আব্দুল খালেক, তুষার কান্তি রায়, শেখ আব্দুল্লাহ, এপিপি অ্যাড. বাচ্চু মিয়া, শামছুজ্জামান তুহিন প্রমূখ।

মেপ্র/আরপি

[redacted]

[redacted]

[redacted]

[

আক্রান্ত তিন জন

বাংলাদেশে প্রথমবারের মত তিনজনের মধ্যে নভেল করোনাভাইরাসের সংক্রমণ ধরা পড়েছে বলে জানিয়েছে সরকারের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান-আইইডিসিআর।

আক্রান্তদের মধ্যে দুজন পুরুষ, একজন নারী; তিনজনই বাংলাদেশি। তাদের মধ্যে দুজন ইতালির দুটি শহর থেকে সম্প্রতি দেশে ফিরেছেন। এদের মধ্যে একজনের সংস্পর্শে আসায় পরিবারের আরেক সদস্য আক্রান্ত হয়েছেন।

ইনস্টিটিউটের পরিচালক মীরজাদী সেব্রিনা ফ্লোরা রোববার আইইডিসিআরের নিয়মিত ব্রিফিংয়ে বলেন, “তাদের সবার অবস্থাই স্থিতিশীল। তিনজনকেই হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে।”

ওই তিনজনের সংক্রমণের বিষয়ে শনিবার নিশ্চিত হওয়ার কথা জানিয়ে অধ্যাপক ফ্লোরা বলেন, “দুজন দেশে আসার পর তাদের উপসর্গ দেখা দেয়। আমাদের হটলাইনে ফোন দিলে আমরা তাদের নমুনা সংগ্রহ করে পরীক্ষাগারে পাঠাই। সেখানে দুজনের পজেটিভ আসে।

“তাদের কন্টাক্টে থাকা চারজনকে পরীক্ষা করেছি। একজন পজেটিভ। বাকিরা নেগেটিভ এসেছে।”

নভেল করোনাভাইরাস মূলত শ্বাসতন্ত্রে সংক্রমণ ঘটায়। এর লক্ষণ শুরু হয় জ্বর দিয়ে, সঙ্গে থাকতে পারে সর্দি, শুকনো কাশি, মাথাব্যথা, গলাব্যথা ও শরীর ব্যথা। সপ্তাহখানেকের মধ্যে দেখা দিতে পারে শ্বাসকষ্ট। উপসর্গগুলো হয় অনেকটা নিউমোনিয়ার মত।

রোগ প্রতিরোধ ক্ষমতা ভালো হলে এ রোগ কিছুদিন পর এমনিতেই সেরে যেতে পারে। তবে ডায়াবেটিস, কিডনি, হৃদযন্ত্র বা ফুসফুসের পুরোনো রোগীদের ক্ষেত্রে ডেকে আনতে পারে মৃত্যু।

নভেল করোনাভাইরাস এর কোনো টিকা বা ভ্যাকসিন এখনো তৈরি হয়নি। ফলে এমন কোনো চিকিৎসা এখনও মানুষের জানা নেই, যা এ রোগ ঠেকাতে পারে। আপাতত একমাত্র উপায় হল, যারা ইতোমধ্যেই আক্রান্ত হয়েছেন বা এ ভাইরাস বহন করছেন- তাদের সংস্পর্শ এড়িয়ে চলা।

চিকিৎসকরা বলছেন, সংক্রমণ এড়াতে চাইলে ঘন ঘন হাত ধোয়া ভালো। সেই সঙ্গে নিত্য ব্যবহার্য সামগ্রীও নিরাপদ রাখতে হবে।

গত ডিসেম্বরের শেষদিকে চীনের হুবেই প্রদেশের উহান শহর থেকে নভেল করোনাভাইরাসের প্রাদুর্ভাব শুরু হয়, যা ইতোমধ্যে ছড়িয়ে পড়েছে প্রায় ১০০ দেশ ও অঞ্চলে।

বিশ্বজুড়ে ১ লাখ ৫ হাজারের বেশি মানুষ এ করোনাভাইরাসে আক্রান্ত হয়েছে; মৃত্যু হয়েছে ৩ হাজার ৫৯৫ জনের।

এর আগে সিঙ্গাপুর, সংযুক্ত আরব আমিরাত ও ইতালিতে সাতজন বাংলাদেশি নভেল করোনাভাইরাসে আক্রান্ত হলেও বাংলাদেশে এই প্রথম কারও মধ্যে এ ভাইরাসের সংক্রমণ ধরা পড়লো।

মেপ্র/আরপি

গাংনীর সাহারবাটি ইবাদৎখানা ওরশ উপলক্ষ্যে নানা আয়োজন

গাংনী উপজেলার সাহারবাটি ইবাদৎ খানার শাহ সুফী মসলেম উদ্দীন সরকার স্বপনের ৫ম ওরশ মোবারক পালন উপলক্ষ্যে নানা আয়োজন করেছে প্রতিষ্ঠানটির আয়োজক কমিটি। সে উপলক্ষ্যে ইবাদৎ খানা মাজারের চারপাশসহ ভিতরের বিভিন্ন স্থান ও প্রবেশ পথে তৈরী করা হয়েছে আলোক শয্যা। ভক্তবৃন্দরা বের করেছেন র্যালী। গত ৩ মার্চ থেকে ৭ মার্চ পর্যন্ত প্রতিদিন বাদ মাগরিব হালকায়ে জিকির অনুীষ্ঠত হয়।

৮ মার্চ খতমে কোরআন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ৯ মার্চ সোমবার তাবারক বিতরণ করা হবে বলে জানান ইবাদৎ খানা পরিচালনা কমিটি।

মেহেরপুরের আমদহে সড়ক দুর্ঘটনায় স্কুল ছাত্রের মৃত্যু

মেহেরপুর সদর উপজেলার আমদহ গ্রামের বিশ্বাস পাড়ায় কলা ভর্তি ট্রাকের চাকায় পিষ্ট হয়ে ফারুক হোসেন (৯) নামের এক শিশুর মৃত্যু হয়েছে।

রবিবার দুপুর ১টার সময় মর্মান্তিক এই সড়ক দুর্ঘটনা ঘটে। নিহত ফারুক হোসেন একই পাড়ার ফিরোজ শেখের ছেলে। সে স্থানীয় সরকারী প্রাথমিক বিদ্যালয়ের দ্বিতীয় শ্রেনীর ছাত্র। আমদহ থেকে কলা বোঝাইয়ের উদ্যেশে আশরাফপুর যাচ্ছিল। অপর দিক থেকে ফারুক হোসেন স্কুল থেকে সাইকেল চড়ে বাড়ি ফিরছিল। এসময় ট্রাকের চালক নিয়ন্ত্রণ হারিয়ে ফারুক হোসেনকে ধাক্কা দিলে সে ট্রাকের তলে পড়ে যায়। এতে ট্রাকের একটি চাকা তার মাথার উপর দিয়ে চলে গেলে ঘটনা স্থলে তার মৃত্যু হয়। স্থানীয়রা ঘাতক ট্রাকটিকে জব্দ কররে পুলিশকে খবর দেয়। এদিকে ঘটনার সাথে সাথে ঘাতক ট্রাকের চালক ঘটনা স্থাল থেকে চালক পালিয়ে যায়।খবর পেয়ে মেহেরপুর ফায়ার সাভির্স একটি ইউনিট ঘটনাস্থলে পৌছালে লাশ উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালের মর্গে নিয়ে যায়।

আমদহ ইউপি চেয়ারম্যান আনারুল ইসলাম অভিযোগ করে জানান চালকের পরিবর্তের হেলপার ট্রাকটি চালানোর কারনে এই দুর্ঘনা ঘটেছে।

মেহেরপুর সদর থানার এসআই রাজিব ঘটনাস্থল থেকে জানান এ ব্যপারে আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

মুজিবনগরে আন্তর্জাতিক নারী

দিবস পালিত

মুজিবনগরে ৮মার্চ আন্তর্জাতিক নারী দিবস ২০২০ উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভা অনিষ্ঠিত হয়েছে।

রবিবার সকাল সাড়ে নয়টার দিকে নারী দিবস উপলক্ষে মুজিবনগর উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালী বের করা হয়।
উপজেলা নির্বাহী অফিসার উসমান গনীর নেতৃত্বে র্যালীটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন করে পুনরায় পরিষদ চত্বরে এসে শেষ হয়।

এ সময় উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা,মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন,মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন,উপজেলা তথ্য সেবা কর্মকর্তা তানিয়া খন্দকারসহ নারীরা উক্ত র্যালীতে অংশ নেন।

পরে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলামের সভাপতিত্বে পরিষদ হলরুমে নারী দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেপ্র/ইএম

মুজিবনগরে হাত-পা বাঁধা অবস্থায় ব্যবসায়ীর লাশ উদ্ধার

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহাজনপুর বাজারের নিজ গোডাউন থেকে হাত-পা বাঁধা অবস্থায় সুবল চন্দ্র (৬২) নামের এক ব্যবসায়ীর লাশ উদ্ধার করেছে পুলিশ।

শনিবার দিবাগত রাত ৯টার দিকে নিজ ব্যবসা প্রতিষ্ঠান থেকে সুভাশ চন্দ্রের লাশ উদ্ধার করা হয়।

নিহত সুভাশ মহাজনপুর গ্রামের বুদু কুরির ছেলে। তিনিং মহাজনপুর বাজারের সার,সিমেন্ট ও গ্যাস ব্যবসা করতেন।

স্থানীয়রা জানান,সুবল চন্দ্রের মহাজনপুর বাজারের উপর দোতলা বাড়ি আছে, তিনি নিচ তলায় সারের গোডাউন এবং দোকান দিয়ে দীর্ঘদিন ধরে ব্যবসা করছেন এবং দিত্বীয় তালায় তিনি ও তার স্ত্রীকে নিয়ে এককি বসবাস করতেন। নিহত সুবল চন্দ্রের ৬ মেয়ে। সবার বিয়ে হয়ে যাওয়ায় তিনি ও তার স্ত্রী একাকি বসবাস করতেন।

প্রতিদিনের ন্যায় শনিবার তিনি নিজ সারের দোকানে বসে ছিলেন আনুমানিক রাত সাড়ে ৮ টা থেকে ৯ টার দিকে সুবল চন্দ্রের স্ত্রী তাকে রাতের খাবার খাওয়ার জন্য ডাকতে নিচে নেমে দেখেন যে সুবল চন্দ্রের হাত পা বাঁধা অবস্হায়। মুখে ও বুকের উপর দুই বস্তা সার ও পায়ের উপর গ্যাসের একটি সিলিন্ডার দিয়ে চাপা দেওয়া আছে।

এ সময় তাঁর স্ত্রীর চিৎকারে আশেপাশের লোকজন ছুটে এসে তাকে মৃত অবস্হায় উদ্ধার করে। খবর পেয়ে কমরপুর আইসি ক্যাম্প ও মুজিবনগর থানার পুলিশ ঘটনা স্থলে আসেন এবং লাশ উদ্ধার করে হেফাযতে নেন।

খবর পেয়ে মেহেরপুরের পুলিশ সুপার এস এম মুরাদ আলী ও অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) মোস্তফিজুর রহমান ঘটনাস্থল পরিদর্শন করেন।

মুজিবনগর থানা ইনচার্জ (ওসি) আব্দুল হাশেম জানান, খবর পেয়ে ঘটনা স্থলে যায় এবং লাশ উদ্ধার করি। প্রাথমিক ভাবে ধারনা করা হচ্ছে যে তাকে শ্বাসরোধ করে হত্যা করা হয়েছে। কয়েকটি মোটিভ নিয়ে তদন্ত শুরু করা হয়েছে। ময়নাতদন্তের পর হত্যা সঠিক কারণ জানা যাবে এবং যত দ্রূত সম্ভব তদন্তের মাধ্যমে হত্যার কারণ ও দোষীদের আইনের আওতায় আনা হবে।

মেপ্র/ইএম